০২

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর তেজগাঁও, ঢাকা-১২০৮

০৬/২/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
সরবরাহ ও সেবা শাখা, ভূমি ভবন
৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.dlrs.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

## অকেজো গাড়ি নিলামে বিক্রয়ের সিডিউল

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের বিভিন্ন মডেলের নিম্নবর্ণিত মোট ০২(দুই)টি অকেজো ঘোষিত গাড়ি (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে আগ্রহী ক্রেতাগণের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। ইচ্ছুক ক্রেতাগণ নিম্নবর্ণিত গাড়ি দুটি সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রদত্ত নিয়মাবলী মোতাবেক (দরপত্র নমুনা সংযোজনী-ক) দাখিল করতে পারবেন।

| ক্রমিক নং | গাড়ি নম্বর | মডেল/প্রস্তুতকারক |
|---|---|---|
| ০১ | ঢাকা মেট্রো-ঘ-১১-১৩৮১ জীপ | ১৯৯৭ মিতসুবিশি পাজেরো জাপান |
| ০২ | ঢাকা মেট্রো-ঘ-১১-০৭২৯ জীপ | ১৯৯৬ মিতসুবিশি পাজেরো জাপান |

### সাধারণ জ্ঞাতব্য

১. দরপত্র ক্রয়ের তারিখ: ০৬-০২-২০২২খ্রি. তারিখ থেকে ২৭-০২-২০২২ খ্রি. তারিখে (অফিস চলাকালীন সময়)।

২. দরপত্রের মূল্য: ৫০০.০০ (পাঁচশত) টাকা।

৩. দরপত্র প্রাপ্তিস্থান :

(১) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন (কক্ষ নং-৭১৯), ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮;

(২) বিভাগীয় কমিশনার অফিস, ১ম বার তলা ভবন, সেগুনবাগিচা, ঢাকা;

(৩) ভূমি আপিল বোর্ড, ২য় ১২ তলা ভবন, সেগুনবাগিচা, ঢাকা;

(৪) ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন (কক্ষ নং-৪০৬), ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮;

এছাড়াও অধিদপ্তরের ওয়েবসাইট (www.dlrs.gov.bd) হতে দরপত্র ডাউনলোড করে ৫০০/- (পাঁচশত) টাকা নগদ জমা দিয়ে জমার রশিদসহ দরপত্র দাখিল করা যাবে।

৪. দরপত্র দাখিলের স্থান:

(১) পরিচালক (প্রশাসন) কক্ষ নং ৮১২ এর সম্মুখে রক্ষিত বাক্স;

(২) সংশ্লিষ্ট অফিসসমূহে রক্ষিত বাক্স;

৫. দরপত্র উন্মুক্তকরণের সময় : ২৮-০২-২০২২ খ্রি. তারিখ বেলা ২.০০ ঘটিকা

৬. জামানতের পরিমাণ : উর্দ্ধৃত মূল্যের ন্যূনতম ১০%, উপ-পরিচালক (অর্থ ও বাজেট) এর অনুকূলে স্বীকৃত কোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডারের মাধ্যমে দাখিল করতে হবে।

চলমান পাতা-২

## দরপত্র দাখিলের শর্তাবলী

ক. বর্ণিত গড়ি দুটি ০৬-০২-২০২২ খ্রি. হতে ২৭-০২-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত সকল কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে অধিদপ্তরের অঙ্গীনায় (যেখানে যে অবস্থায় আছে) পরিদর্শন করা যাবে। পরিদর্শনের জন্য সরবরাহ ও সেবা শাখা (ভূমি ভবনের ৭ম তলা-৭১৯ নং কক্ষ)/ পুরাতন ভবনের নীচতলাস্থ গার্ড রুমে যোগাযোগ করা যাবে।

খ. নির্ধারিত তারিখের আগে বা পরে এবং অফিস সময়ের পূর্বে বা পরে কোন দরপত্র বিক্রয় করা হবে না।

গ. দাখিলকালে দরপত্রসমূহের মূল কপি/অনুমোদিত কপি দাখিল করতে হবে, কোনভাবেই ফটোকপি//অননুমোদিত কপি গ্রহণযোগ্য হবে না।

ঘ. সিডিউল এর সাথে সংযুক্তি-ক মোতাবেক নির্দিষ্ট কলামে পৃথক পৃথক ভাবে প্রতিটি গাড়ির একক মূল্য অংকে ও কথায় উল্লেখ করতে হবে। টাকার অংকে কোনোরুপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

ঙ. ক্রেতা/দরদাতা ইচ্ছা করলে একই সিডিউলে একাধিক গাড়ির জন্য দর উল্লেখ করতে পারবেন। সেক্ষেত্রে প্রতিটি গাড়ির জন্য পৃথক পৃথক দর ও পে-অর্ডার দাখিল করতে হবে।

চ. কৃতকার্য দরদাতাকে নির্ধারিত তারিখের মধ্যে উর্দ্ধৃত মূল্যের উপর বিধি মোতাবেক উৎসকর এবং ভ্যাটসহ সম্পূর্ণ অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে জমা করে চালানের মূল কপি উপপরিচালক (প্রশাসন), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর , তেজগাঁও, ঢাকা বরাবর কার্যাদেশে উল্লিখিত সময়ের মধ্যে দাখিল করতে হবে।

ছ. ট্রেজারী চালানের কপি যাচাই সাপেক্ষে গাড়ি সরবরাহের আদেশ জারী করা হবে। নির্ধারিত তারিখের মধ্যে সম্পূর্ণ অর্থ জমা করতে ব্যর্থ হলে পরবর্তীতে কোন যোগাযোগ ছাড়াই দরপত্র বাতিল ও প্রাপ্ত জামানত সরকারের অনুকূলে সরাসরি বাজেয়াপ্ত বলে গন্য হবে।

জ. দরপত্র কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে অকৃতকার্য দরপত্র দাতাগণের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত দেয়া হবে।

ঝ. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৩/০২/২২

এম. আলীম আখতার খান
উপপরিচালক(প্রশাসন)
ফোন:-৪১০২৪৬০৮।